



## ঢাকা সার্কেলের তথ্য অধিকার বিষয়ে বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মো. রায়হান বাদশা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী।
সভার তারিখ	: ০৭/০৮/২০২৩ খ্রি।
সভার সময়	: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	: তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা।
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”।


সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী অত্র দপ্তরের কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে সকলকেই সচেতন ও উদ্যোগী ভূমিকা পালনের আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো. শফিকুল ইসলাম মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ পাঠ করে সভাকে অবহিত করেন। নির্দেশিকা মোতাবেক অত্র দপ্তরের তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ ও রেজিস্টার সংরক্ষণ এবং বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ, তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ পদ্ধতি ও মূল্যায়ন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

### সিদ্ধান্তসমূহ:

- ১। তথ্য অধিকার আইন- ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিকরণ;
- ২। তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তিকরণ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ;
- ৩। তথ্য সম্পর্কিত বিষয়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশের অংশ হিসেবে ওয়েব লিঙ্ক আপলোডকরণ;
- ৪। তথ্য অধিকার আইন- ২০০৯ এর বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রমের অংশ হিসেবে অংশীজনদের নিয়ে ত্রৈমাসিক সভা আহ্বান;
- ৫। তথ্য অধিকার বিষয়ে বাস্তবায়ন ও মূল্যায়ন সংক্রান্ত বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ প্রণয়ন; এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ও অত্র দপ্তরের ওয়েবসাইট/নোটিশ বোর্ডে প্রকাশকরণ;

গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী অত্র দপ্তরের কর্ম-পরিকল্পনা সততা, নিষ্ঠা, দক্ষতা ও সচেতনতার সহিত সেবাদানের মনোভাব নিয়ে কাজ করার আহ্বান জানানো হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মো. রায়হান বাদশা)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
ঢাকা সার্কেল, ঢাকা।



se\_dha@eedmoe.gov.bd  
se.dhak.eed@gmail.com

তারিখ: ০৮/০৮/২০২৩ খ্রি।

স্মারক নম্বর-৩৭.০৭.৩০০০.০০১.০৫.০০১.২৩-১২২১(১)

### বিতরণ:

- ১। জনাব আফরোজ আরা পারভীন, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা।
- ২। জনাব মো. শফিকুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা।
- ৩। জনাব মুহাম্মদ বাবুল আহমেদ, উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা।
- ৫। জনাব মো. জহিরুল ইসলাম, উচ্চমান সহকারী ( সংযুক্ত: ঢাকা সার্কেল ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা।

### অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।  
( দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রামার, আইসিটি শাখা )
- ২। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা/মানিকগঞ্জ/নারায়ণগঞ্জ/মুন্সিগঞ্জ/নরসিংদী /গাজীপুর/টাঙ্গাইল/কিশোরগঞ্জ/ ফরিদপুর/  
রাজবাড়ী/মাদারীপুর/শরীয়তপুর এবং গোপালগঞ্জ জেলা।
- ৩। অফিস কপি।